দৈনিক ইত্তেফাক

তারিখ 06 NOV 1992
পৃষ্ঠা ৮ কলাম ৮

22

# বগুড়া মেডিক্যাল কলেজ উদ্বোধন

বগুড়া হইতে বাসস ॥ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া দেশের জনসংখ্যা সমস্যা সমাধানের জন্য একটি সামাজিক আন্দোলন গড়িয়া তুলিবার উপর গুরুত্ব আরোপ করেন। গতকাল বৃহস্পতিবার বগুড়া মেডিকেল কলেজের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণদানকালে প্রধানমন্ত্রী বলেন, সাফল্যজনকভাবে জনসংখ্যা সমস্যার সমাধান করা সম্ভব না হইলে

( ৭ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## বগুড়া মেডিক্যা...

( শেষ পৃঃ পর...

সকল উন্নয়ন প্রচেষ্টাই ব্যর্থ ... চিকিৎসা পেশার সহিত সংশ্লিষ্ট ব্যক্তিদের উদ্দেশে তিনি বলেন, তাহারা যেন ইহাকে একটি কর্তব্যকর্ম বলিয়া গ্রহণ করেন, নিছক পেশা হিসাবে নয়। স্বাস্থ্যসহ বিভিন্ন খাতে তাহার সরকারের উন্নয়ন কর্মকাণ্ডের উল্লেখ করিয়া তিনি বলেন, জাতীয় উন্নয়নের পূর্বশর্ত হইতেছে মানব সম্পদের উন্নয়ন সাধন। তিনি বলেন বাজেটে অতিরিক্ত অর্থ বরাদ্দ করিয়া এই স্বাস্থ্যখাতকে অগ্রাধিকার দেওয়া হইয়াছে। বগুড়া মেডিকেল কলেজের অধ্যক্ষের সভাপতিত্বে আয়োজিত এই অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে অর্থ প্রতিমন্ত্রী মজিবুর রহমান, স্বাস্থ্য উপমন্ত্রী সিরাজুল হক এবং বগুড়া মেডিকেল কলেজের ছাত্র তওফিকুল ইসলাম বক্তৃতা করেন।